

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমাজসেবা কার্যালয়

ধনবাড়ী, টাংগাইল।

dss.dhanbari.tangail.gov.bd

এক নজরে উপজেলা সমাজসেবা কার্যালয়, ধনবাড়ী, টাংগাইল –

একটি কল্যাণমূলক রাষ্ট্র গঠনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদপ্তরের মাধ্যমে সারাদেশে মোট ৫৪ টি সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। দেশের প্রতিটি উপজেলার ন্যায় টাংগাইল জেলার সর্ব উত্তরের উপজেলাটিতেও উপজেলা সমাজসেবা কার্যালয়, ধনবাড়ী, টাংগাইল এর মাধ্যমে নিম্নোক্ত সামাজিক নিরাপত্তা ও অন্যান্য কার্যক্রম/কর্মসূচি সফলভাবে বাস্তবায়িত হচ্ছে।

(ক) সামাজিক নিরাপত্তা কর্মসূচি-

১। বয়স্ক ভাতাঃ উপকারভোগীর সংখ্যা ৬৭৩৪ জন। মাসিক ৬০০ টাকা হারে বার্ষিক সর্বমোট ৪,৮৪,৮৪,৮০০/-টাকা প্রদান করা হচ্ছে।

২। বিধবা ভাতাঃ উপকারভোগীর সংখ্যা ২৪৭৪ জন। মাসিক ৫৫০ টাকা হারে বার্ষিক মোট ১,৬৩,২৮,৪০০/-টাকা প্রদান করা হচ্ছে।

৩। প্রতিবন্ধী ভাতাঃ উপকারভোগীর সংখ্যা ৪৫০৭ জন। মাসিক ৮৫০ টাকা হারে বার্ষিক মোট ৪,৫৯,৭১,৪০০/-টাকা প্রদান করা হচ্ছে।

৪। প্রতিবন্ধী শিক্ষার্থী উপবৃত্তিঃ শিক্ষার্থী সংখ্যা ২৬৯ জন। স্তরভেদে মাসিক ৭৫০ টাকা থেকে ১২০০ টাকা হারে বার্ষিক সর্বমোট ২৯,০৫,২০০/-টাকা প্রদান করা হচ্ছে।

৫। অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতাঃ ১০৭ জন কে মাসিক ৫০০ টাকা হারে বার্ষিক সর্বমোট ৬,৪২,০০০/-টাকা প্রদান করা হচ্ছে।

৬। অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তিঃ ৪১ জন কে মাসিক ৭০০ টাকা হারে বার্ষিক সর্বমোট ৩,৪৪,৪০০/-টাকা প্রদান করা হচ্ছে।

৭। হিজরা জনগোষ্ঠীর বিশেষ ভাতাঃ মোট ০৮ জন। মাসিক ৬০০ টাকা হারে বার্ষিক সর্বমোট ৫৭,৬০০/-টাকা প্রদান করা হচ্ছে।

(খ) অনুদান সংক্রান্ত-

১। বেসরকারি এতিমখানাঃ সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধনভুক্ত ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত এতিমখানা ০৩ টি। মোট এতিম শিশুর সংখ্যা ১৪০ জন। মাসিক ২০০০ টাকা হারে বার্ষিক ৩৩,৬০,০০০/ টাকা প্রদান করা হচ্ছে।

২। জাতীয় সমাজকল্যাণ পরিষদঃ ২০২৩-২৪ অর্থ বছরে ৫,০০০/ টাকা করে দুস্থ/অসহায়/ গরীব জনগোষ্ঠী তথা শিক্ষার্থীদের মাঝে মোট ৮০,০০০/-বিতরণ করা হয়েছে। এছাড়াও উপজেলা রোগী কল্যাণ সমিতির মাধ্যমে হাসপাতালে ভর্তিকৃত দরিদ্র রোগীদের ঔষধ-পথ্য ক্রয়ের জন্য সর্বোচ্চ ৫,০০০/- টাকা করে এ পর্যন্ত মোট ৫৫৯ জন রোগী কে সহায়তা প্রদান করা হয়েছে।

৩। স্বৈচ্ছাসেবী সংস্থাসমূহঃ সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধনভুক্ত ২০টি সংস্থা হতে ২০২৩-২৪ অর্থবছরে ০৮ টি সংস্থা কে জাতীয় সমাজকল্যাণ পরিষদ থেকে ২০,০০০/- টাকা করে মোট ১,৬০,০০০/- টাকা অনুদান দেয়া হয়েছে।

(গ) সুদমুক্ত ক্ষুদ্রঋণ সংক্রান্ত-

১। পল্লী সমাজসেবা কার্যক্রমঃ সুদমুক্ত ক্ষুদ্রঋণ কর্মসূচির আওতায় মোট ৫৭৯ জন ঋণগ্রহীতার মাঝে ৫০০০/- থেকে ৫০,০০০/- টাকা পর্যন্ত মোট ৯১,৬৪,১৫০/ টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

২। পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমঃ গ্রামীণ এলাকার ১০৯ জন দরিদ্র মহিলাদের মাঝে মোট ২৬,৫৯,৫০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।

৩। প্রতিবন্ধী ঋণ কার্যক্রমঃ এ পর্যন্ত ৫৩ জন শারীরিক প্রতিবন্ধী ব্যক্তি কে মোট ৫,৬৫,৩৮৭/- টাকা ঋণ প্রদান করা হয়েছে।

